



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৪ মার্চ ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

### বাঘাইছড়িতে ইউপিডিএফ অফিসের নির্মাণ কাজে বাধা ও নির্মাণ সামগ্রী ধ্বংস করে দেয়ার নিন্দা

ইউপিডিএফ রাঙামাটি জেলা ইউনিটের প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা আজ ২৪ মার্চ ২০১৫ এক বিবৃতিতে বাঘাইছড়ির রূপকারী উচ্চ বিদ্যালয়ের পাশে নির্মাণাধীন ইউপিডিএফ'র অফিস ভাংচুর ও নির্মাণ সামগ্রী ধ্বংস করে দেয়ার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, “ আজ মঙ্গলবার সকাল ৯ টায় মেজর সেলিমের নেতৃত্বে নিরাপত্তা বাহিনীর একটি দল রূপকারীতে গিয়ে ইউপিডিএফ'র অফিস নির্মাণের জন্য নিয়োজিত দুই বাঙালী শ্রমিককে ক্যাম্পে ধরে নিয়ে যায়। পরে স্থানীয় মুরব্বীদের প্রতিবাদের মুখে তাদেরকে ছেড়ে দিতে বাধ্য হয়। এরপর বিকেলের দিকে আবার এসে নিরাপত্তা বাহিনীর সদস্যরা অফিসের অর্ধনির্মিত ইটের দেয়াল ভেঙে দেয় এবং সিমেন্টসহ নির্মাণ সামগ্রী আগুনে পুড়ে নষ্ট করে দেয়।”

এর আগে গত ১৮ মার্চ একবার অফিসের নির্মাণ কাজে বাধা ও নির্মাণাধীন ভবন ভেঙে দেয়া হয়।

বিবৃতিতে উজ্জ্বল স্মৃতি চাকমা নিরাপত্তা বাহিনীর উক্ত কর্মকাণ্ডকে ফ্যাসিস্ট ও অগণতান্ত্রিক আখ্যায়িত করে বলেন, সম্পূর্ণ বেআইনী ও গায়ের জোরে ইউপিডিএফ'র অফিস নির্মাণ কাজে বাধা দেয়া হচ্ছে। তিনি আরো জানান, পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন স্থানে ইউপিডিএফ'র বৈধ অফিস থাকলেও নান্যাচর ও হুদুকছড়িতে ইউপিডিএফ'র অফিস বিনা নোটিশে ও আইনী প্রক্রিয়া ছাড়া কয়েক বছর আগে বন্ধ করে দেয়া হয়েছে।

তিনি অবিলম্বে ইউপিডিএফ'র অফিস খুলে দেয়ার ও বাঘাইছড়িতে ইউপিডিএফ'র অফিস নির্মাণে অবৈধ হস্তক্ষেপ বন্ধ করার দাবি জানান।

বার্তা প্রেরক

সচল চাকমা

সংগঠক

ইউপিডিএফ

রাঙামাটি জেলা ইউনিট।